



# জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

স্মারক নং- জাতীঃবিঃ/পরীঃ/অনার্স চতুর্থ বর্ষ/২০১৯/২০২০/২৮২৬

তারিখঃ ১৩/১২/২০২০ ইং

## ২০১৯ সালের অনার্স চতুর্থ বর্ষ পরীক্ষা সংক্রান্ত

### জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের অনার্স ৪র্থ বর্ষ-২০১৯ এর করোনা ভাইরাস (COVID-19) এর কারণে স্থগিতকৃত অবশিষ্ট পরীক্ষাসমূহ “গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের” স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৯.৯৯.০৮২.০১.২৪৫, তারিখ: ১০/১২/২০২০ খ্রিস্টাব্দ -এর সম্মতিক্রমে নিম্নোক্ত নির্দেশিত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক পরীক্ষা গ্রহণ করতে হবে। উল্লেখ্য, আগামী ১৬ জানুয়ারি, ২০২১ ইং তারিখ (শনিবার) থেকে পরীক্ষা গ্রুপ ভিত্তিক (বিএ/ বিএসএস/ বিবিএ/ বিএসসি) বিষয় সমূহ পৃথক পৃথক তারিখে পূর্ব প্রকাশিত কেন্দ্র তালিকা অনুযায়ী অনুষ্ঠিত হবে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশিত স্বাস্থ্যবিধি অনুসরণ করে পরীক্ষা গ্রহণের জন্য প্রয়োজনে কর্তৃপক্ষের পূর্বানুমতিক্রমে ভেন্যু কেন্দ্রে পরীক্ষা নেয়া যাবে।

- ক) মন্ত্রিপরিষদ বিভাগ ও স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে;
- খ) প্রতিদিন পরীক্ষা শুরু করার পূর্বে অবশ্যই প্রতিটি পরীক্ষা কক্ষ/টয়লেট/আঙ্গিনা/রাস্তাঘাট জীবাণুমুক্ত করতে হবে;
- গ) প্রবেশ পথে প্রত্যেক পরীক্ষার্থীকে থার্ম্যাল স্ক্যানার/থার্মোমিটার দিয়ে শরীরে তাপমাত্রা পরীক্ষা করাতে হবে;
- ঘ) পরীক্ষা কক্ষে ন্যূনতম তিন ফুট শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে এবং সকলকে মাস্ক (সার্জিক্যাল মাস্ক অথবা তিন পরত (স্তর) বিশিষ্ট কাপড়ের মাস্ক, যা নাক ও মুখ ভালোভাবে ঢেকে রাখবে) ব্যবহার করতে হবে;
- ঙ) পরীক্ষা কক্ষের বাইরে হাত ধোয়ার ব্যবস্থা অথবা কক্ষের ভিতরে হ্যান্ড স্যানিটাইজার সংরক্ষণ করতে হবে।



(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।

ফোনঃ- ০২-৯২৯১০১৭ ফ্যাক্সঃ- ০২-৯২৯১০৪৪

Email: [Controller@nu.ac.bd](mailto:Controller@nu.ac.bd)